

আগষ্ট/২০২১ মাসের উপজেলা কমিটির (মহিলা ও শিশু উন্নয়ন) সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব, সালমা আক্তার খাতুন
মহিলা ভাইস-চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, তারাকান্দা ময়মনসিংহ।

সভার স্থান : উপজেলা পরিষদ হলরুম
সভার তারিখ : ২৩/০৮/২০২১ সময় : বেলা -১১.০০ ঘটিকায়


সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা -সংলগ্ন ক-তে উল্লেখ করা হলো।

অদ্য ২৩/০৮/২০২১ তারিখ বেলা ১১.০০ ঘটিকার সময় উপজেলা মহিলা ভাইচেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে তার কার্যালয়ে উপজেলা কমিটির (মহিলা ও শিশু উন্নয়ন) এর সভা অনুষ্ঠিত হয়।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

সভাপতির অনুমতিক্রমে মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, চলতি মাসে তার কার্যালয়ে নারী ও শিশু নির্যাতন সম্পর্কিত কোন অভিযোগ নেই, মহিলা বিষয়ক কর্মকর্তা আরও জানান যে, জুলাই/২১ মাসে ঢাকুয়া ইউনিয়নে ০২ টি বাল্য বিবাহ প্রতিরোধ করা হয়েছে। ভিজিডি কার্যক্রমের আওতায় তারাকান্দার ১০ টি ইউনিয়নে পুষ্টিচাউল বিতরণ করা হচ্ছে। আইজিএ ট্রেনিং প্রোগ্রাম এবং কিশোর - কিশোরী ক্লাব প্রকল্পের কার্যক্রম পুনরায় চালু হয়েছে। আইজিএ এর ১১তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম প্রায় শেষ। ১২ তম ব্যাচের বিজ্ঞপ্তি প্রচার করা হবে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যদের ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মহিলা ভাইস-চেয়ারম্যান,
উপজেলা পরিষদ
তারাকান্দা, ময়মনসিংহ।
সভাপতি ও উপজেলা কমিটি